



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



BTC/ETC/ঘাদশ/২০১৯-২০/১৩১১

তারিখ : ১৮/০৮/২০

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৯-২০ শিক্ষাবর্ষে আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্নকরণের লক্ষ্যে অনলাইন eSIF পূরণের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ শিক্ষাবর্ষে আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে রেজিস্ট্রেশন ফি জমা সাপেক্ষে আগামী ২২/০৮/২০২১ তারিখে হতে ২৩/০৮/২০২১ তারিখ পর্যন্ত অনলাইনে শিক্ষার্থীদের ছবিসহ eSIF (Electronic Student Information Form) পূরণে সময় বৃদ্ধি করা হলো। উল্লেখিত সময়ের পরে কোন অবস্থায়ই রেজিস্ট্রেশনের সময়সীমা আর বৃদ্ধি করা হবে না।

রেজিস্ট্রেশন পদ্ধতি :

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dhakaeducationboard.gov.bd) এ OEMS বাটনে ক্লিক করে কলেজের EIIN ও Password দিয়ে Login করতে হবে। অতঃপর Student List (HSC 2019-20) মেনুতে প্রবেশ করে Create Student বাটনে ক্লিক করে আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত নতুন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, উল্লেখিত সময়ের মধ্যেই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে অন্যথায় উদ্ভূত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

